

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা- ১২০৭

নথি নং- ৮০.২০০.০৬৪.০০.০০.০০৭.২০১৩/৩৩

তারিখ : ৩৩/০২/২০১৪ খ্রিঃ।

প্রেস-বিজ্ঞপ্তি


৩২ তম (বিশেষ) বিসিএস-এর লিখিত এবং মৌখিক উভয় পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডারপদে সুপারিশকৃত নয় এমন প্রার্থীদের মধ্য থেকে ১ম শ্রেণীর নন-ক্যাডার পদে নিয়োগের জন্য সরকার কর্তৃক জারিকৃত নিয়োগ বিধিমালা- ২০১০ অনুসরণে ৫ (পাঁচ) জন প্রার্থীর ফলাফল তথ্য বিভাগ/প্রশাসনিক কারণে কমিশন কর্তৃক ০৩/১০/১৩ তারিখে প্রকাশিত ফলাফলের প্রেস বিজ্ঞপ্তিতে স্থগিত রাখা হয়েছিল। এ বিষয়ে কমিশন কর্তৃক গঠিত কমিটির নিকট সংশ্লিষ্ট প্রার্থীরা যথাযথ প্রমাণপত্র দাখিল করায় নিম্নে উল্লিখিত ০৫ জন প্রার্থীর ফলাফলের উপর স্থগিতাদেশ কমিশন প্রত্যাহার করে তাদেরকে নিয়োগের জন্য সাময়িকভাবে (Provisionally) সুপারিশ করেছে :

বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
পদের নাম : সহকারী পরিচালক।
রেজিঃ নম্বর- = ২১২৫৮৩, ০১৫২৫৬ = ২ জন।

নির্বাচন কমিশন সচিবালয়
পদের নাম : উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা।
রেজিঃ নম্বর- = ৩৬৪৯০২, ০২৩৭৫৮, ০০২৪৮২ = ৩ জন।

২। পরবর্তীকালে যে কোন সময় কোন প্রার্থীর যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, অসত্য তথ্য প্রদান বা অন্য কোন ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোন গুরুতর (Substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সী কর্তৃক প্রাক নিয়োগ জীবন বৃত্তান্ত যাচাই এর পর প্রার্থীদেরকে সংশ্লিষ্ট মন্ত্রণালয় নিয়োগ প্রদান করবে। সুপারিশকৃত প্রার্থীদেরকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৩। এ প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট এ পাওয়া যাবে।


(আ.ই.ম. নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)

[পড়া-শোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
[চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে]

স্বাক্ষর

